

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরি বোর্ড শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৬ মাঘ ১৪২৭/২০ জানুয়ারি ২০২১

নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০১৮.১৮.৮—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে (১) “Coats Bangladesh Ltd” ফৌজদারহাট ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, সাগরিকা রোড, চট্টগ্রাম এবং (২) “Coats Bangladesh Ltd” ইউনিট-২, হোল্ডিং নং-৪৬৮, বাংলাবাজার রোড, ভাওয়াল মির্জাপুর, রাজেন্দ্রপুর, গাজীপুর সিটি করপোরেশন, গাজীপুর এ পরিচালিত কারখানাসমূহকে (প্রজ্ঞাপন নং-৪০.০০.০০০০.০১৬.৩০.০১৮.১৮.৪৫, তারিখ : ০৯ সেপ্টেম্বর ২০২০ বাতিলপূর্বক) শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪ (১) এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৯ মার্চ ২০২০ হইতে ২৮ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলি :

- ১। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ প্রদান করিতে হইবে;
- ২। কোনো শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘণ্টার অধিক সময় কাজ করানো যাইবে না;
- ৩। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- ৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;
- ৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;
- ৬। বিধি মোতাবেক অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল স্থাপন করিতে হইবে;
- ৭। স্বাস্থ্যবিধি মানিয়া শ্রমিকদের কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহানা জামান

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৫৩৫৯)

মূল্য : টাকা ৪.০০